

সারাদেশ

📄 > সারাদেশ

শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ

‘মৃত নারীদের ওপর চালানো হয় বিকৃত যৌনাচার’, সংবাদ প্রচার করায় জীবননাশের হুমকি

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৮ অক্টোবর ২০২৬, ২২:০৬

🔍 পছন্দসই সোর্সে যোগ করুন



সাংবাদিক দিপু সিকদার

রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ মর্গে সংরক্ষিত মৃত নারীদের মরদেহের সঙ্গে বিকৃত যৌনাচার ও ধর্ষণের লোমহর্ষক ঘটনা নিয়ে অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ করা জীবননাশের হুমকি পেয়েছেন ‘আলাপ’-এর বিশেষ প্রতিনিধি দিপু সিকদার। এই হুমকির ঘটনার পর বুধবার (২৮ অক্টোবর) সকালে রাজধানীর মিরপুর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) দায়ের করেছেন ওই সাংবাদিক।

📰 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

জিডিতে সাংবাদিক দিপু সিকদার স্পষ্টভাবে উল্লেখ করেন, পেশাগত দায়িত্বের অংশ হিসেবে মর্গের ভেতরে চলা নারকীয় কর্মকাণ্ড নিয়ে তথ্য সংগ্রহ ও অভিযুক্তদের বক্তব্য নেওয়ার পর থেকেই তাকে ক্রমাগত ভয়ভীতি প্রদর্শন ও হুমকি দেওয়া হচ্ছে। এই ন্যাএক্সারজনক কর্মকাণ্ডের পেছনে কোনো বিচ্ছিন্ন ব্যক্তি নয়, বরং মর্গের একটি সংঘবদ্ধ চক্র ও শক্তিশালী সিন্ডিকেট সারাসরি জড়িত রয়েছে বলে জিডিতে অভিযোগ করা হয়েছে।


হুমকির মূল হোতা হিসেবে মর্গের অব্যাহতিপ্রাপ্ত সাবেক সহকারী নুরে আলম শান্তুর নাম উল্লেখ করেছেন দিপু সিকদার। জিডির বিবরণ অনুযায়ী, অনুসন্ধানী প্রতিবেদনটি প্রকাশিত হওয়ার পরপরই সাবেক মর্গ সহকারী শান্ত ফোন করে তাকে বিভিন্ন ধরনের ভয়ভীতি ও হুমকি-ধমকি দেওয়া শুরু করেন। এমনকি একপর্যায়ে ‘কোর্টে দেখে নেওয়ার’ হুমকি দিয়ে দিপু সিকদার ফোনে বার্তা (মেসেজ) পাঠান শান্ত।

এর আগে গত ১৮ অক্টোবর অনলাইন সংবাদমাধ্যম ‘আলাপ’-এর মূল ওয়েবসাইট ও অফিশিয়াল সামাজিক যোগাযোগমাধ্যম হ্যান্ডেলগুলোতে ‘ধর্ষণের শিকার হচ্ছে মৃত নারীও, নিরাপত্তা কোথায়?’ শিরোনামে ডিজিটাল অনুসন্ধানী প্রতিবেদনটি প্রকাশিত হয়। ওই প্রতিবেদনে রাজধানীর শেরেবাংলা নগরে অবস্থিত শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে মৃত নারীদের ওপর চালানো চরম বিকৃত যৌনাচারের চাক্ষুষ্যকর তথ্য ও প্রমাণ জনসমক্ষে তুলে

এ সম্পর্কিত আরও পড়ুন



পঞ্চগড়ের বোদা ভূমি অফিসে ঘুষ ছাড়া মিলছে না সেবা, লেনদেনের ভিডিও ভাইরাল



যুবদল নেতার সঙ্গে মৎস্য কর্মকর্তার অডিও ভাইরাল, ‘চা খাওয়ার টাকা দিলেও তো খুশি হতাম’



লক্ষ্মীপুরে খোরশেদ বাহিনীর প্রধানকে গুলি করে হত্যা



ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে বসছে এআই ক্যামেরা, নিয়ম ভাঙলেই স্বয়ংক্রিয় মামলা

প্রতিবেদনটির বস্তুনিষ্ঠতা নিশ্চিত ঘটনার সঙ্গে সরাসরি অভিজ্ঞ দৃষ্টির আনুষ্ঠানিক বক্তব্যও গ্রহণ করা হয়েছিল। অভিজ্ঞদের মধ্যে একজন হলেন সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ মর্গের সাবেক ইনচার্জ যতন লাল এবং অন্যজন চাকরিচ্যুত মর্গ সহকারী নূরে আলম শান্ত। তবে প্রতিবেদনটি প্রকাশ্যে আসার পরই সাংবাদিককে লক্ষ্য করে ভয়ভীতি প্রদর্শনের তৎপরতা শুরু হয়।

এদিকে দায়িত্ব পালন করতে গিয়ে সাংবাদিক দিপু সিকদারকে ছমকি দেওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন (ক্র্যাব)। সংগঠনটির এক আনুষ্ঠানিক বিবৃতিতে বলা হয়, অনুসন্ধানী সাংবাদিকতা জনস্বার্থ রক্ষা, গোপন অনিয়ম উদঘাটন এবং জবাবদিহি প্রতিষ্ঠার এক অনন্য হাতিয়ার। পেশাগত দায়িত্ব পালনের দায়ে কোনো গণমাধ্যমকর্মীকে ছমকি বা হয়রানির শিকার হতে হওয়া মুক্ত ও স্বাধীন সাংবাদিকতার পরিবেশের জন্য অত্যন্ত বিপজ্জনক।

সংগঠনটির সদস্য দিপু সিকদারের তোলা অভিযোগের নিরপেক্ষ তদন্ত নিশ্চিত করে দোষীদের বিষয়: সারাদেশে ছমকি

এ সম্পর্কিত আরও পড়ুন



মির্জাপুরে সরকারি জমিতে অবৈধ শতাধিক করাতকল, উচ্ছেদ অভিযানে প্রশাসন



মসজিদের সভাপতি পদ নিয়ে দ্বন্দ্ব, দুই ঘণ্টার তাগুবে ৫ ঘরে আগুন



সাড়ে ৪ কোটি টাকার অবৈধ সম্পদ: কুষ্টিয়ার সাবেক এমপি রউফ ও তার স্ত্রীর বিরুদ্ধে দুদকের মামলা



এমপি মাসুদ সাঈদীর রিসোর্টের নির্মাণকাজ বন্ধ করে দিল প্রশাসন

দৈনিক
ইত্তেফাক

Download on the
App Store

GET IT ON
Google Play

সম্পাদক: তাসমিমা হোসেন

প্রকাশক: তারিন হোসেন

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

অনুসন্ধান

বাংলা কনভার্টার

প্রবাস

আর্কাইভ

ভিডিও

সাহিত্য

ছবি

পরিবেশ

চাকরি

বিজ্ঞাপন

যোগাযোগ

গোপনীয়তা নীতি

শর্তাবলী

Twitter

YouTube

Instagram